

# শাকসুর গঠনতন্ত্র চূড়ান্ত: কেন্দ্রীয় সংসদে ২৩, হল সংসদে ৯ পদ

নিজস্ব প্রতিবেদক, সিলেট



সংযুক্ত ছবি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র

সংসদ-শাকসুর গঠনতন্ত্র পুনঃপ্রণয়ন করা হয়েছে। এর মধ্যে

কেন্দ্রীয় সংসদে ২৩টি পদ ও হল সংসদে ৯টি পদ রাখা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের সিডিকেট এটি চূড়ান্ত করেছে।

বৃহস্পতিবার (৯ অক্টোবর) দুপুরে বিষয়টি নিশ্চিত করেছেন

গঠনতন্ত্র পুনঃপ্রণয়ন কমিটির আহ্বায়ক ও ছাত্র উপদেশ নির্দেশনা

পরিচালক মো. এছাক মিয়া।

## পড়ুন



এইচএসসির ফল প্রকাশের সম্ভাব্য তারিখ ১৬ অক্টোবর

আগের গঠনতত্ত্বে কেন্দ্রীয় ছাত্রসংসদের পদসংখ্যা ছিল ১৯। নতুন

করে মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক আন্দোলন সম্পাদক, ধর্ম ও সম্প্রীতি

সম্পাদক পদসহ চারটি পদ যোগ করা হয়েছে। এ ছাড়া আগে হল

সংসদ ছিল না।

গত ২৫ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয় সিভিকেটের ২৩৭তম সভায়

গঠনতত্ত্ব পাস হয়।

তবে গঠনতত্ত্বটি আরও অধিকতরভাবে দেখার জন্য সিভিকেট

সদস্যদের নিয়ে একটি কমিটি করেছিল কর্তৃপক্ষ। ওই কমিটিকে

৮ অক্টোবরের মধ্যে তা চূড়ান্ত করে জমা দিতে বলা হয়েছিল।

এরপর ১২ অক্টোবরের মধ্যে নির্বাচন কমিশনের কাছে গঠনতত্ত্ব

হস্তান্তর করার কথা বলেছিলেন উপাচার্য এ এম সরওয়ারউদ্দিন

চৌধুরী। তবে এখনো নির্বাচন কমিশন গঠন করতে পারেনি

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।